

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী শাখা  
ঢাকা

১৯.০০.০০০০.২১৫.৬১.০৪৫.১৯/১০৩৩

২৫ নভেম্বর ২০১৯

প্রেরক : মারজান বেগম  
সহকারী সচিব (এমইএ)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : জনাব মোঃ ইমদাদুল হক  
মাননীয় মন্ত্রী'র সহকারী একান্ত সচিব  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয় : আগামী ০২ ডিসেম্বর ২০১৯ তারিখে স্পেনের মাদ্রিদে অনুষ্ঠিতব্য জাতিসংঘের Framework Convention on Climate Change (UNFCCC)-এর Conference of the Parties COP-এর ২৫তম বার্ষিক অধিবেশনের শীর্ষ বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মোঃ ইমদাদুল হক, মাননীয় মন্ত্রী'র সহকারী একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ০২ ডিসেম্বর ২০১৯ তারিখে স্পেনের মাদ্রিদে অনুষ্ঠিতব্য জাতিসংঘের Framework Convention on Climate Change (UNFCCC)-এর Conference of the Parties COP-এর ২৫তম বার্ষিক অধিবেশনের শীর্ষ বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মোঃ ইমদাদুল হক, মাননীয় মন্ত্রী'র সহকারী একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছে।

- ২। উপর্যুক্ত সফরে যোগদানের জন্য তিনি আগামী ০১ ডিসেম্বর ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং উপর্যুক্ত সময়ে সম্মেলন যোগদান শেষে আগামী ০৩ ডিসেম্বর ২০১৯ বা এর নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।
- ৩। উপর্যুক্ত সভায় অংশগ্রহণ সংক্রান্ত ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।
- ৪। বর্ণিত সভায় অংশগ্রহণ ও ভ্রমণকাল সরকারী কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে।
- ৫। এই সফরে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(মারজান বেগম)  
সহকারী সচিব (এমইএ)  
ফোন : ৪৭১১০৬৪২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২-তলা সরকারী ভবন, (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা
০২. পরিচালক (অর্থ/সংস্থাপন/এফএমও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৩. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৪. সিনিয়র সহকারী/সহকারী সচিব (সফর/বাজেট/তহবিল/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৫. এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৬. বাংলাদেশ মিশন, মাদ্রিদ, স্পেন
০৭. অফিস কপি

(মারজান বেগম) ২৫.১১.১৯  
সহকারী সচিব (এমইএ)